

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭৮৫

আগরতলা, ২০ নভেম্বর, ২০২৩

রাজ্যপালের সাথে গ্রামোন্যন ও নগরোন্যন দপ্তরের সচিবদের বৈঠক

দরিদ্র অংশের মানুষকে চিহ্নিত করে তাদের  
সার্বিক উন্নয়নে প্রাধান্য দিতে হবে : রাজ্যপাল



রাজ্যপাল ইন্দুসেনা রেডিডি নাল্লু আজ সকালে রাজ্যবনে গ্রামোন্যন দপ্তরের সচিব সন্দীপ আর রাঠোর, নগরোন্যন দপ্তরের সচিব অভিষেক সিং ও আগরতলা পুরনিগমনের কমিশনার ড. শৈলেশ কুমার যাদবের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে রাজ্যপাল গ্রামোন্যন দপ্তরের বিভিন্ন প্রকল্প ও কর্মসূচির খোঁজখবর নেন। তাছাড়াও রাজ্যপাল এই দপ্তরের প্রকল্প রূপায়ণের অগ্রগতির বিষয়েও খোঁজখবর নেন। গ্রামোন্যন দপ্তরের সচিব এবং অন্যান্য আধিকারিকদের তিনি বলেন, গ্রামীণ এলাকায় দরিদ্র অংশের মানুষকে চিহ্নিত করতে এবং তাদের সার্বিক উন্নয়নে প্রাধান্য দিতে। প্রধানমন্ত্রী আবাস যোজনায় নিমীয়মান ঘরের কাজ দ্রুত শেষ করতে তিনি নির্দেশ দেন। যেসকল গ্রামে এখনও সড়ক যোগাযোগ গড়ে উঠেনি সেখানে সড়ক যোগাযোগ গড়ে তোলার উপর রাজ্যপাল গুরুত্ব আরোপ করেন। রাজ্যপাল বলেন, অন্তত একটি গ্রামকে চিহ্নিত করে সেখানকার জনসাধারণকে রোজগারভিত্তিক বিভিন্ন কর্মসূচিতে উৎসাহিত করতে হবে।

বৈঠকে নগরোন্যন দপ্তরের সচিব অভিষেক সিং দপ্তরের বিভিন্ন কাজকর্ম সম্পর্কে রাজ্যপালকে অবহিত করেন। আগরতলা পুরনিগমনের কমিশনার ড. শৈলেশ কুমার যাদব পুরনিগমনের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি সম্পর্কে রাজ্যপালকে অবহিত করেন। বৈঠকে রাজ্যপালের সচিব উত্তম কুমার চাকমা, ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের সিইও ড. ব্রাঞ্ছিত কাটুর, পথগয়েতে দপ্তরের অধিকর্তা দেবানন্দ রিয়াৎ, গ্রামোন্যন দপ্তরের মুখ্যবাস্তুকার স্বপন কুমার দাস, এনটিউএলএম-এর মিশন ডিরেক্টর ও অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*